## পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র কারিগরি কমিটির ৭ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব আবদুল বাকী, সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন। |
| সভার স্থান | : পানি সম্পদ পরিকল্পনা সংস্থার সভা কক্ষ |
| তারিখ ও সময় | : ২৪ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ, রোজ বুধবার, বেলা ২:০০ ঘটিকা। |
| বিষয় | : পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র কারিগরি কমিটির ৭ম সভা। |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

**২.০ প্রেক্ষাপটঃ**

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে উপস্থিত সদস্যগণ পরিচিতি পর্বে অংশ নেন। অতঃপর সভাপতি ওয়ারপো'র কারিগরি কমিটির সদস্য-সচিব ও মহাপরিচালক, ওয়ারপো'কে সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য অনুরোধ করেন। শুরুতেই কারিগরি কমিটির সদস্য-সচিব সভাকে জানান যে, পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ (১৯৯২ সনের ১২ নং আইন) এর ধারা ১১ অনুযায়ী পাঁচ সদস্য বিশিষ্ট ওয়ারপো'র একটি কারিগরি কমিটি রয়েছে যার চেয়ারম্যান পরিকল্পনা কমিশন এর কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ এর সম্মানিত সদস্য মহোদয়। এই কারিগরি কমিটির মূল দায়িত্ব হল পানি সম্পদ উন্নয়নকল্পে মহাপরিকল্পনা প্রণয়ন এবং পানি সম্পদ উন্নয়ন ও ব্যবহারের সহিত সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের পারস্পরিক সমস্যা নিরসনে সংস্থাকে পরামর্শ প্রদান করা। ওয়ারপো'র কারিগরি কমিটির ৬ষ্ঠ সভা বিগত ১৫ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে ওয়ারপো'র সুষ্ঠু পরিচালনার স্বার্থে কতিপয় গুরুত্বপূর্ণ বিষয় আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্য কারিগরি কমিটির ৭ম সভার আয়োজন করা হয়েছে।

**৩.০ আলোচনাঃ**

**আলোচ্যসূচী-১:** উপস্থাপনার শুরুতেই ওয়ারপো'র পরিচিতি তুলে ধরা হয়। ওয়ারপো'র পরিচিতি অংশে ওয়ারপো'র সৃষ্টি, সংস্থার প্রধান প্রধান দায়িত্ব ও কর্তব্য, ওয়ারপো'র অর্জনসমুহ, সম্প্রতি ওয়ারপো কর্তৃক সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলী, চলমান কার্যাবলী ও ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কে সকলকে অবহিত করা হয়। এসময় সভার সভাপতি জনাব আবদুল বাকী, সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন দেশের পানি সম্পদ খাতে সুশাসন প্রতিষ্ঠায় ওয়ারপো'র কাজের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা উন্নয়নের জন্য অধিকতর যুগোপযোগী কার্য/প্রকল্প চিহ্নিত করার পরামর্শ দেন।

**আলোচ্যসূচী-২:** সভায় বিগত ১৫ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত ওয়ারপো'র কারিগরি কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী দৃঢ়করণের জন্য উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোনরুপ সংশোধন বা সংযোজন/বিয়োজন না থাকায় সভায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

**আলোচ্যসূচী-৩:** সভায় ওয়ারপো'র কারিগরি কমিটির ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিত পর্যালোচনা করা হয়। দেখা যায় যে, কারিগরি কমিটির ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন

অগ্রগতি সন্তোষজনক। এসময় সভাপতি কারিগরি কমিটির ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সন্তোষ প্রকাশ করে চলমান কাজগুলোকে নির্ধারিত সময়ে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।

**আলোচ্যসূচী-৪:** মহাপরিচালক, ওয়ারপো সভাকে অবহিত করেন যে, অতি সম্প্রতি ওয়ারপো বাংলাদেশের রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও নওগাঁ জেলায় "সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনায় বাংলাদেশ পানি বিধিমালা ২০১৮ কার্যকরকরণ" শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করেছে। উক্ত প্রকল্পের সফলতার ধারাবাহিকতায় ওয়ারপো "বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর কার্যকর প্রয়োগে বাংলাদেশের উত্তর-পশ্চিম হাইড্রোলজিক্যাল অঞ্চলের ১৩ টি জেলায় পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূগর্ভস্থ পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরুপণ" শীর্ষক প্রকল্প প্রস্তাব প্রেরণ করেছে। প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে প্রকল্প এলাকায় বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর কার্যকর প্রয়োগের লক্ষ্যে ভূগর্ভস্থ ও ভূপরিস্থ পানি সম্পদের প্রাপ্যতা, গুনগতমান এবং ভূগর্ভস্থ পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরুপন করা। প্রকল্পটি ২০২৩-২৪ অর্থবছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (আরএডিপি) বরাদ্দহীন অননুমোদিত নতুন প্রকল্প হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে। বর্তমানে উক্ত প্রকল্পটি পিএসসি সভায় আলোচনার জন্য অপেক্ষমান রয়েছে। এ সময় জনাব মো: সাইফুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বলেন, সারাদেশের পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূগর্ভস্থ পানিধারক স্তর নির্ণয় করা পানি সম্পদ খাতের একটি মৌলিক কাজ। ওয়ারপো এই কাজটি দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে পারলে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও পানি সম্পদ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান উপকৃত হবে। এ বিষয়ে কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে যোগাযোগক্রমে পিইসি সভার আয়োজনের প্রয়োজনীয় উদ্যেগ নেয়ার জন্য WARPO কে পরামর্শ প্রদান করেন।

**আলোচ্যসূচী-৫:** ওয়ারপোর মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (NWMP) হালনাগাদ করার জন্য ওয়ারপো বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ধারা ১৫ অনুযায়ী জাতীয় পানি সম্পদ পরিকল্পনা (NWRP) শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব প্রণয়ন করেছে। প্রকল্পটি ২০২৩-২৪ অর্থবছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (আরএডিপি) বরাদ্দহীন অননুমোদিত নতুন প্রকল্প হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে। বর্তমানে উক্ত প্রকল্পটি পিএসসি সভায় আলোচনার জন্য অপেক্ষমান রয়েছে। জনাব ড. আবুল ফাত্তাহ মোহাম্মদ তারিকুল ইসলাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল বলেন, কৃষি কাজে পানির দক্ষ ব্যবহারের জন্য বিএআরসি'র কার্যক্রম চলমান রয়েছে। ওয়ারপো সমাপ্ত ভূগর্ভস্থ ও ভূপরিস্থ পানি সম্পদের প্রাপ্যতা বিষয়ক প্রকল্প থেকে প্রাপ্ত তথ্য গবেষণা কার্যক্রমের সহায়ক হবে। এ বিষয়ে সভাপতি পিইসি সভা আয়োজেনর লক্ষ্যে কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে যোগাযোগ রাখার জন্য পরামর্শ প্রদান করেন।

**আলোচ্যসূচী-৬:** সভায় ওয়ারপো'তে গ্রাউন্ড ওয়াটার গর্ভনেন্স সেন্টার প্রতিষ্ঠা বিষয়ক আলোচনা হয়। কমিটির সদস্য-সচিব সকলকে অবহিত করেন যে, বাংলাদেশের অনেক অঞ্চলে অপরিকল্পিতভাবে ভূগর্ভস্থ পানি উত্তোলন করা হচ্ছে, যার ফলে ভূগর্ভস্থ পানির স্তর নিচে যাওয়ার পাশাপাশি পানির গুণগত মান হ্রাস পাচ্ছে। বিভিন্ন শিল্প বর্জ্য, প্লাস্টিক (মাইক্রো ও ম্যাক্রো) বর্জ্য ,আর্সেনিক, লবণাক্ততা, per-and polyfluoroalkyl substances (PFAS) এবং অন্যান্য দূষণের কারণে ভূগর্ভস্থ পানির দূষণ বাংলাদেশে একটি গুরুতর উদ্বেগের বিষয়। ওয়াটার গভর্নেন্স অভিযোজিত (Adaptive) ব্যবস্থা বাস্তবায়নে সাহায্য করতে পারে, যেমন: Rainwater Harvesting ও Managed Aquifer Recharge (MAR)। পানির ঘাটতি এবং ভূগর্ভস্থ পানির স্তর হ্রাসের সম্মুখীন অঞ্চলগুলিতে ভূগর্ভস্থ পানির ধারক স্তর পুনর্ভরণ ব্যবস্থাপনা (MAR) কার্যকরী ভূমিকা পালন করবে।

ওয়ারপো বাংলাদেশে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনার (IWRM) জন্য দায়িত্বপ্রাপ্ত শীর্ষ সরকারি সংস্থা। ভূগর্ভস্থ পানি হল পানি সম্পদ ব্যবস্থাপনার একটি অবিচ্ছেদ্য উপাদান, এবং এর শাসনব্যবস্থা IWRM এর

অংশ। বাংলাদেশ পানি আইন, ২০১৩ সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনার প্রয়োজনীয়তার উপর জোর দেয় এবং ভূগর্ভস্থ পানির গুরুত্বকে স্বীকৃতি দেয়। ওয়ারপোতে একটি গ্রাউন্ডওয়াটার গভর্নেন্স সেন্টার প্রতিষ্ঠা করা এই আইনের বাস্তবায়নকে সমর্থন করবে। এসময় জনাব মোঃ জহিরুল ইসলাম, অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ওয়ারপোকে পানি সম্পদ সংকটাপন্ন এলাকায় সংকট থেকে উত্তরণের জন্য পরিকল্পনা প্রণয়ন করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। তিনি বলেন, ওয়ারপো ও পানি উন্নয়ন বোর্ড সংকটাপন্ন এলাকায় সমন্বিত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে পারে। এ বিষয়ে সভাপতি ওয়ারপোতে ওয়াটার গর্ভনেন্স সেন্টার প্রতিষ্ঠার প্রয়োজনীয় উদ্যোগ নিতে পরামর্শ প্রদান করেন। এছাড়াও তিনি ওয়াটার গর্ভনেন্স সেন্টার প্রতিষ্ঠার পাশাপাশি প্রয়োজনীয় জনবলের সংস্থান ও বিভিন্ন কার্যক্রম গ্রহণপূর্বক এই উদ্যোগকে টেকসই করার প্রতি ওয়ারপোকে অধিকতর মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন।

**আলোচ্যসূচী-৭ (বিবিধ):** এছাড়াও সভায় ২০২৪-২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ওয়ারপো কর্তৃক প্রস্তাবিত প্রকল্পসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। বাংলাদেশের পানি সম্পদ খাতে সুশাসন প্রতিষ্ঠাসহ তথ্য প্রযুক্তি নির্ভর ডিসিশন সার্পোট প্রণয়নে প্রস্তাবিত প্রকল্পসমূহ এবং প্রস্তাবিত ভবিষ্যত পরিকল্পনাটি Time-bounding এবং Vision-2041 বাস্তবায়নে সহায়ক হবে বলে সভাপতি মতামত প্রকাশ করে ওয়ারপো'র প্রস্তাবনায় সন্তোষ প্রকাশ করেন।

**৪.০ সিদ্ধান্তসমূহঃ**

৪.১। ওয়ারপো কর্তৃক প্রস্তাবিত "বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর কার্যকর প্রয়োগে বাংলাদেশের উত্তর-পশ্চিম হাইড্রোলজিক্যাল অঞ্চলের ১৩ টি জেলায় পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূগর্ভস্থ পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরুপণ" শীর্ষক প্রকল্পটির পিইসি সভা দ্রুত সময়ের মধ্যে আয়োজনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ প্রয়োজনীয় উদ্যোগ নিবে।

৪.২। ওয়ারপো কর্তৃক প্রস্তাবিত "জাতীয় পানি সম্পদ পরিকল্পনা (NWRP)" শীর্ষক প্রকল্পটির পিইসি সভা দ্রুত সময়ের মধ্যে আয়োজনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ প্রয়োজনীয় উদ্যোগ নিবে।

৪.৩। ওয়ারপো ওয়াটার গর্ভনেন্স সেন্টার প্রতিষ্ঠার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে এবং পাশাপাশি ওয়াটার গর্ভনেন্স সেন্টারকে টেকসই করার নিমিত্তে প্রয়োজনীয় জনবলের সংস্থান ও বিভিন্ন কার্যক্রম গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৫/২০২৪

(আবদুল বাকী)
সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
পরিকল্পনা কমিশন
ও
চেয়ারম্যান, ওয়ারপো কারিগরী কমিটি

**ওয়ারপো'র কারিগরি কমিটির ৭ম সভা**

**সভাপতিঃ** জনাব আবদুল বাকী, সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
**ভ্যানুঃ** ওয়ারপো কনফারেন্স রুম
**তারিখঃ** ২৪ এপ্রিল ২০২৪ খ্রিঃ
**সময়ঃ** বিকাল ২:০০ ঘটিকায়

উপস্থিতির তালিকাঃ

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী<br>মহাপরিচালক | ওয়ারপো | |
| ২ | জনাব মোঃ জহিরুল ইসলাম<br>অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা)<br>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | |
| ৩ | জনাব মো: সাইফুর রহমান<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী ( গ্রাউন্ড ওয়াটার সার্কেল ) | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | |
| ৪ | ড. আবুল ফাত্তা মোহাম্মদ তারিকুল ইসলাম<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | |